48

দৈনিক সংবাদ

তারিখ 01 MAR 1996
পৃষ্ঠা ৫ কলাম ৩

# নাটোর সরকারি বালিকা বিদ্যালয়ের নানা সমস্যা

নাটোর, ২৯শে ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।- স্থানীয় একমাত্র সরকারি বালিকা বিদ্যালয়ে নানা সমস্যার কারণে ছাত্রছাত্রীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। আটশতাধিক ছাত্রীর এই বিদ্যালয়ে প্রয়োজনীয় শ্রেণিকক্ষ ও বেঞ্চ নেই। অনেক সময় ছাত্রীরা শ্রেণিকক্ষে দাঁড়িয়ে থাকে। সামান্য বৃষ্টি হলে খেলার মাঠে পানি জমে। অভিভাবকেরা অভিযোগ করেছেন, ছাত্রীদের নিকট থেকে টিফিনের টাকা আদায় করা হয়, কিন্তু খুবই নিম্নমানের টিফিন সরবরাহ করা হয় এবং পরিমাণেও তা সামান্য। পরীক্ষার প্রশ্নপত্র ছাপানোর কাজে অনিয়ম করা হয়। পরীক্ষার ফিসহ অন্যান্য খাতে অতিরিক্ত টাকা আদায় করা হয়। প্রধান অতিরিক্ত টাকা আদায় করা হয়। প্রধান শিক্ষয়িত্রী চার বছর হতে নির্ধারিত বাসভবনে বসবাস না করে স্কুলেরই অপর একটি ভবনে অবস্থান করছেন। অথচ তিনি বাসা ভাড়া বাবদ সরকারি অর্থ গ্রহণ করছেন। এ ব্যাপারে প্রধান শিক্ষয়িত্রী অভিযোগ সত্য নয় বলে জানান।